

তারিখঃ ০১-০৩-২০২০

এপিএ বাস্তবায়নে কৃষি মন্ত্রণালয়ের ব্রি সেরা

কৃষি ও সম্ভাবনা ডেস্ক

কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক কর্ম

সম্পাদন চুক্তি ২০১৮-১৯ দফতার

সঙ্গে বাস্তবায়নের ফলে কৃষি

মন্ত্রণালয় সরকারের ৫১টি মন্ত্রণালয়

ও বিভাগের মধ্য জাতীয় পর্যায়ে

দ্বিতীয় স্থান অর্জন করেছে।

পাশাপাশি কৃষি মন্ত্রণালয়ের ১৭টি

দপ্তর ও সংস্থার মধ্যে ১ম, ২য় ও

৩য় স্থান অর্জন করায় যথাক্রমে

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট,

বাংলাদেশ সুপারফ্রুপ গবেষণা

ইনস্টিটিউট এবং তুলা উন্নয়ন

বোর্ডকে পুরস্কৃত করা হয়। কৃষিমন্ত্রী

ড. মো: আব্দুর রাজ্জাক এমপি এবং

কৃষি মন্ত্রণালয়ের সচিব মো:



নাসিরুজ্জামান বিজয়ী ব্যক্তি ও সংস্থা

প্রধানদের হাতে এই পুরস্কার তুলে

দেন। পরে কৃষিমন্ত্রী এবং কৃষি সচিব

এপিএ সফলভাবে বাস্তবায়নে যারা

সফল হয়েছেন তাদের অভিনন্দন

জানান। মন্ত্রী বলেন, কৃষি মন্ত্রণালয়

একটি উন্নয়নধর্মী মন্ত্রণালয় হিসেবে

এর কাজের গতি আরো বৃদ্ধি করে

সবাইকে অধিক পরিণামের মাধ্যমে

দেশকে আরো সমৃদ্ধ করতে হবে।

তিনি বলেন, মন্ত্রণালয়ের কাজের

ধারাবাহিকতা অব্যাহত রয়েছে বলেই

এ খাতের সাফলতা দৃশ্যমান। মন্ত্রী

বলেন, শিল্প কারখানা বৃদ্ধির মাধ্যমে

কর্মসংস্থান সৃষ্টি করতে হবে যেখানে

কৃষির বড় ভূমিকা থাকবে। নতুন

উচ্চবিত সরিষা ও ধানের জাত দিয়ে

বিপ্লব ঘটানো সম্ভব। প্রতি বছর ৭-৮

লাখ টন ডাল আমদানি কেন করতে

হচ্ছে? আন্তরিকতার সঙ্গে কাজ

করলে ডালের আমদানি নির্ভরতা

রোধ করা য়েত।